



ইসরায়েলি সংসদে ট্রাম্পের বক্তব্যে তীব্র হটগোল, বিক্ষোভ ছড়ায়



সংগৃহীত ছবি

ইসরায়েলের পার্লামেন্ট নেসেটে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভাষণের সময় তীব্র হটগোল ও বিক্ষোভের ঘটনা ঘটেছে। বামপন্থি ও আরব বংশোদ্ভূত দুই সংসদ সদস্য ট্রাম্পবিরোধী স্লোগান দিলে নিরাপত্তা বাহিনী তাদের জোর করে বের করে দেয়।

ইসরায়েলের পার্লামেন্ট নেসেটে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভাষণ চলাকালে সোমবার (১৩ অক্টোবর) এক পর্যায়ে চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়। বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, ভাষণের সময় নেসেটের দুই সদস্য—আয়মেন ওদেহ এবং ওফার কাসিফ—ট্রাম্পবিরোধী স্লোগান দিতে শুরু করেন।

বামপন্থি এবং আরব বংশোদ্ভূত এই দুই সংসদ সদস্যের প্রতিবাদে মুহূর্তেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। বাধ্য হয়ে ট্রাম্প তার ভাষণ থামিয়ে দেন। পরে নিরাপত্তা বাহিনীর সদস্যরা দ্রুত পদক্ষেপ নিয়ে ওই দুই সদস্যকে ঘাড় ধরে সভাকক্ষ থেকে বের করে দেন।

ঘটনার পর ট্রাম্প ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে ধন্যবাদ জানিয়ে বলেন, “প্রধানমন্ত্রী একজন অসাধারণ সাহসী মানুষ।” তার বক্তব্যের সময় পার্লামেন্টে উপস্থিত বহু সদস্য নেতানিয়াহুর জনপ্রিয় ডাকনাম ‘বিবি’ উচ্চারণ করে সমর্থনের স্লোগান দিতে থাকেন, যা মুহূর্তে পার্লামেন্ট চত্বরে মিশ্র প্রতিক্রিয়া তৈরি করে।